


স্থায়ীত্ব

খড়ের চালা

স্থায়ীত্বের কৌশল



● কপার সালফেট ৪%, সোডিয়াম ডাইক্লোমেট ৪%, কার্বোলিক এসিড ২% এবং পনি ৯০% দ্রবনে খড়কে ১২ঘন্টা চুবিয়ে রাখতে হবে। পনি ঝড়িয়ে ২/৩ দিন শুকনো ছায়ায় রাখার পর ১/২ দিন রোদে শুকাতে হবে।

● এই স্থায়ীত্ব কৌশল ব্যবহারে খরচ ২০% বাড়লেও স্থায়ীত্ব ২/৩ গুন বৃদ্ধি পায়।

● খড় ভালভাবে কেটে বেছে শুকিয়ে নিতে হবে পরে রাসায়নিক তরলে ভিজাতে হবে।

● খড়ের ঘরের চালের চাল ৩০ ডিম্বি ৪০ ডিম্বি মধ্যে হওয়া উচিত।

● কোন খড় পচা থাকলে সাথে সাথে তা পরিবর্তন করে নতুন খড় ব্যবহার করতে হবে।

টেউটিন

● টেউটিনের পুরুত্ব কমপক্ষে ০.৩৫ মিমি হতে হবে।

● এর কম পুরুত্বের টিন ব্যবহার করা যাবে না।

● দক্ষ মিস্ত্রি দিয়ে যত্নের সাথে টিনের চাল নির্মাণ করতে হবে যাতে টিনের কোন ক্ষতি না হয়।


● উপকূলীয় এলাকায় টিন তাড়াতাড়ি নষ্ট হয়। একারণে টিনের উপর ক্ষয়রোধক রং লাগিয়ে রাখতে হবে।

লক্ষ্যণীয়

- প্রতিদায়িত্ব চালার চারদিক ও কোনাগুলো পরীক্ষা করতে হবে।
- দুর্বল অংশ পরিবর্তন করতে হবে।
- ঘরের চালের শেষ দিকে, মটকা এবং কোনার দিকে বেশী করে বাতা দিতে হবে।

চালার উন্নততর কাঠামো

চালার উন্নততর কাঠামো




ঘূর্ণিঝড় প্রবণ অঞ্চলে এবং বেশি বাতাস প্রবাহিত অঞ্চলে চাদের চাল ২৩ ডিম্বি হতে ৩০ ডিম্বি হবে। চালু কম বা বেশি হলে চালা উড়ে যেতে পারে।

চাল কোনক্রমেই ১:৪ এর নীচে হবে না।

ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় দোচালার থেকে চারচালার ঘর বেশী টেকসই। মুখোমুখি পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখতে হবে।

পর্যাপ্ত বাতাস প্রবাহের জন্য উভয় দিকে সুযোগ থাকবে। সম্পূর্ণ আটকানো ঘরের চালার কাঠামো বাতাসে উড়ে যাবার সম্ভাবনা থাকে।




চালা ও খুঁটির মধ্যে অবশ্যই শক্ত সংযোজক থাকতে হবে। আরসিসি খুঁটির বর্ধিত অংশের সাথে লোহার পাত, বোল্ট ও ওয়াশার দিয়ে সংযোগ করতে হবে।

রুক্ষা সুনির্দিষ্ট দূরত্বে স্থাপন করতে হবে।

চালার কিছু সাধারণ সংযোজক। এগুলো স্থানীয় কাঁচামাল ও চাহিদার ভিত্তিতে তৈরী করা যায়।

সুনির্দিষ্ট দূরত্বে টিনে জু ব্যবহার করা। টিন আটকানোর জন্য জে বোল্ট ব্যবহার জিআই তার দিয়ে চালা বেঁধে নীচে নামান স্থানীয়ভাবে তৈরী গজাল/তারকাটা দিয়ে চালার টিন আটকান উপরে ও নীচে বাঁশ দিয়ে চালা আটকানো একটি জনপ্রিয় নক্সা।

টিনের ওভারল্যাপিং



● পার্শ্ব ল্যাপ কমপক্ষে ২২৫ মিমি হবে অথবা দুই টেউ পরিমাণ।

● প্রান্ত ল্যাপ ১৫০ মিমি থেকে ২০০ মিমি

বাতার গ্যাপ বা মধ্যবর্তী দূরত্ব

দুটি বাটারের দূরত্ব নির্ভর করে টিনের পুরত্ত্বের উপর।

টেউটিনের পুরত্ব (মিমি)	সর্বাধিক মধ্যবর্তী দূরত্ব (মিঃ)
০.৬৩	১.৬
০.৫৪	১.৪
০.৪৮	১.২
০.৩৫	১.০

দুটি টিনের মিলিত স্থানে বাটাম থাকবে।

চালের কিনারার বর্ধিতাংশ

